গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী

বাড়ি # ১৯৬, সেক্টর # ২, হাউজিং এস্টেট

উপশহর, রাজশাহী

www.cevrajshahi.gov.bd

নথি নং- ৫/রাজ.কমি/কাস্টমস/০৩/বন্ড রেজি:/স্টেলা: ঈ:ইপি:/১৬/অংশ-১/ তারিখ : /১১/২০২৬ খ্রি.

বিষয় : **চট্টগ্রাম বন্দর ও অভ্যন্তরীণ শুল্ক এলাকা (ডিটিএ) এর মাধ্যমে আমদানিকৃত কাঁচামাল ছাড়করণের নিমিত্ত প্রত্যয়নপত্র প্রদান।**

সূত্র : ১। জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং-০৮.০১.০০০০.০৫৬.০৭.০৩৪.১৫/৫২০, তারিখ-০৯/০৯/২০২৬ খ্রি.।
২। স্টেলা হেয়ার প্রোডাক্টস কোঃ লিঃ, ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনার পত্র নং- নাই, তারিখ-১৩.১০.২০২৬ খ্রি. ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রীয় পত্রের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

২। স্টেলা হেয়ার প্রোডাক্টস কোঃ লিঃ, প্লট নং-MSSFB # ৩, ঈশ্বরদী রপ্তানী প্রক্রিয়াকরন এলাকা, পাকশী, পাবনা এর [বন্ড লাইসেন্স নং-০২/২০১৭, তারিখ-১২/০৪/২০১৭ খ্রি. [মূসক নিবন্ধন নম্বর-০০২০২৬১৮৩-১১০৫] নামীয় প্রতিষ্ঠান সূত্রীয় ২ নং পত্রের মাধ্যমে চট্টগ্রাম বন্দর ও অভ্যন্তরীণ শুল্ক এলাকা (ডিটিএ) এর মাধ্যমে আমদানিকৃত কাঁচামাল ছাড়করণের নিমিত্তে প্রতিষ্ঠানের অনুকুলে প্রত্যয়নপত্র ইস্যুর আবেদন করেন। প্রতিষ্ঠানের আবেদন এবং আবেদনের সাথে দাখিলকৃত দলিলাদি যাচাই করা হয়। যাচাইয়ান্তে প্রতিষ্ঠানের বন্ডেড সুবিধায় আমদানিকৃত যে সকল কাঁচামাল বিভিন্ন বন্দরে ছাড়করণের অপেক্ষায় রয়েছে তার বিবরণ নিম্নরূপ:-

SL No.	S.C No. & Date	BL No. & Date	IP No. & Date	Invoice No. & Date	Description of Goods & HS Code	Qty (MT)	VALUE (USD)
01.	UNO-261006-3 Dt: 10.09.2026	SRGCGP2610033 Dt: 08.10.2026	ID1710260016 Dt: 17.10.2026	UNO-261006-3 Dt: 06.10.2026	SYNTHETIC FIBER HS Code-6703.00.00	21.340	$87,638.00
02.	KE-61343A Dt: 22.09.2026	277417447 Dt: 27.10.2026	ID2710260011 Dt: 27.10.2026	KE-61343A Dt: 15.10.2026	SYNTHETIC FIBER HS Code-6703.00.00	3.920	$30,175.00
03.	HYT2026018-1 Dt: 15.09.2026	RPGJ26100055A Dt: 23.10.2026	ID2810260017 Dt: 28.10.2026	HYT2026018 Dt: 16.10.2026	PAPER LONG CARD HS Code-4821.10.00	0.988	$3,877.90
					PAPER HANG TAG HS Code-4821.10.00	0.154	$638.92
					PACKAGING BAG HS Code-3923.21.00	0.603	$2,368.58
04.	XJD113 Dt: 15.09.2026	RPGJ26100055B Dt: 23.10.2026	ID2810260016 Dt: 28.10.2026	XJD113 Dt: 19.10.2026	PAPER LONG CARD HS Code-4821.10.00	11.998	$46,552.24
					PAPER HANG TAG HS Code-4821.10.00	1.518	$6,557.76
					PACKAGING BAG HS Code-3923.21.00	8.060	$32,022.38
					STICKER HS Code-4821.90.90	0.112	$251.15
					PLASTIC HOOK HS Code-3926.90.99	0.074	$170.20
					BUTTON HS Code-9606.29.00	0.007	$21.63
					Total =	**48.774**	**$210,273.80**

৩। জাতীয় রাজস্ব বোর্ডের সূত্রীয় ১নং পত্রের আলোকে এবং সূত্রীয় আবেদনদ্বয় বিবেচনায় রপ্তানির বিষয়টি সচল রাখার স্বার্থে আমদানি নীতি আদেশের শর্ত (প্রযোজ্য ক্ষেত্রে) প্রতিপালন সাপেক্ষে নিম্ন উল্লিখিত শর্তমসূহ পরিপালন সাপেক্ষে উপরিউক্ত ছকে উল্লিখিত পণ্যচালানসমূহ বন্ডের অধীন খালাসের অনুমতি প্রদান করা হলো:

(ক) প্রত্যয়নপত্রের মাধ্যমে আমদানিকৃত কাঁচামাল সমূহ পরবর্তী নিরীক্ষা মেয়াদের প্রাপ্ত আমদানি প্রাপ্যতার পরিমাণ হতে সমন্বিত হবে।

(খ) প্রত্যয়নপত্রের মাধ্যমে আমদানিকৃত কাঁচামালের পরিমাণ পরবর্তী মেয়াদের প্রাপ্যতা সীমা অতিক্রম করলে আমদানিকৃত কাঁচামালের উপর স্বাভাবিক শুল্ক-করাদি প্রযোজ্য হবে।

(গ) প্রত্যয়নপত্রের মাধ্যমে আমদানিকৃত কাঁচামালের পরিমাণ মেশিনের উৎপাদন ক্ষমতার ৮০% অতিক্রম করলে আমদানিকৃত কাঁচামালের উপর স্বাভাবিক শুল্ক-করাদি প্রযোজ্য হবে।

(ঘ) আমদানিকৃত পণ্য ঘোষণা মোতাবেক যথাযথ রয়েছে কিনা শতভাগ কায়িক পরিক্ষণপূর্বক তা যাচাই করে ইন-বন্ড ও এক্স-বন্ড কার্যক্রম সম্পন্ন করতে হবে।

(ঙ) প্রতিষ্ঠানের ওয়্যারহাউসের এককালীন বন্ডিং ক্যাপাসিটির অধিক পরিমাণ পণ্য আমদানি করা যাবে না।

(চ) আমদানিকৃত পণ্যচালানের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে।

(ছ) আলোচ্য কাঁচামালের ব্যাপারে ভবিষ্যতে যে কোন অনিয়ম/দায়দেনার উদ্ভব হলে বিদ্যমান বিধি-বিধানের আলোকে গৃহীত যে কোন আইনি ব্যবস্থা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ মেনে নিতে বাধ্য থাকবে।

(মোঃ নঈম মীরন)
সহকারী কমিশনার।
কমিশনারের পক্ষে
ফোন # ০২৫৮৮৮০১১০৭
ই-মেইল : cevc.raj@nbr.gov.bd

নথি নং- ৫/রাজ.কমি/কাস্টমস/০৩/বন্ড রেজি:/স্টেলা: ঈ:ইপি:/১৬/অংশ-১ /৬২৭২ তারিখ : ৯ /১১/২০২৬ খ্রি.

অনুলিপি অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। কমিশনার, কাস্টমস হাউস, ঢাকা/চট্টগ্রাম/মোংলা/বেনাপোল/আইসিডি (কমলাপুর), ঢাকা/পানগাঁও/পায়রা/ভোমরা।
২। প্রথম সচিব (কাস্টমস, রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, ঢাকা।
৩। সহকারী কমিশনার, কাস্টমস অফিস, ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনা (তাঁকে সরেজমিনে উপস্থিত থেকে সকল কাঁচামাল যথাযথভাবে ইন্টু বন্ড ও এক্স বন্ড সম্পন্নের কার্যক্রম তদারকির জন্য অনুরোধ করা হলো।)
৪। নির্বাহী পরিচালক, ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনা।
৫। ব্যবস্থাপনা পরিচালক, স্টেলা হেয়ার প্রোডাক্টস কোঃ লিঃ, প্লট নং-MSSFB #৩,, ঈশ্বরদী ইপিজেড, পাকশী, ঈশ্বরদী, পাবনা।
৬। অফিস কপি।

9/11/26

(মোঃ নঈম মীরন)
সহকারী কমিশনার।